3 JAN 2017

# সখীপুরে ২৭ মাদ্রাসার শিক্ষার্থী নতুন বই পায়নি

■ সখীপুর (টাঙ্গাইল) প্রতিনিধি

সখীপুরে ২৭টি মাদ্রাসার তিন হাজার ৮২০ শিক্ষার্থীর হাতে একটি বইও পৌঁছায়নি। ফলে নতুন বই থেকে বঞ্চিত হয়েছে ওইসব শিক্ষার্থী। বিতরণ উৎসবের দিন রোববার ও সোমবার প্রতিষ্ঠানে এসে বই না পেয়ে ফিরে গেছে তারা। সরকারি প্রাথমিক বিদ্যালয় ও মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীরা উৎসবে বই পেলেও মাদ্রাসা শিক্ষার্থীরা যথাসময়ে উৎসবের দিন নতুন বই না পাওয়ায় মাদ্রাসা শিক্ষার্থীদের প্রতি বিমাতাসুলভ আচরণের অভিযোগ করেছেন সংশ্লিষ্ট শিক্ষকরা।

সখীপুর মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার কার্যালয় সূত্র জানায়, উপজেলার ২৭টি মাদ্রাসায় ১১ হাজার ৮২৫ শিক্ষার্থী পড়াশোনা করে। তাদের মধ্যে ইবতেদায়ি তৃতীয় শ্রেণিতে এক হাজার ২৮০, চতুর্থ শ্রেণিতে এক হাজার ২৯০ ও দাখিল অষ্টম শ্রেণিতে এক হাজার ২৫০ শিক্ষার্থীসহ মোট তিন হাজার ৮২০ শিক্ষার্থী রয়েছে। তাদের কেউই গত দু'দিনে একটি বইও পায়নি।

সখীপুর সদর দাখিল মাদ্রাসার সুপার ও উপজেলা মাদ্রাসা শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম বলেন, মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার গাফিলতির কারণেই মাদ্রাসার তিন শ্রেণির শিক্ষার্থীদের হাতে আমি বই পৌঁছে দিতে পারিনি।

সখীপুর উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মফিজুল ইসলাম বলেন, আমি কোনো গাফিলতি করিনি। মাদ্রাসার ওই তিন শ্রেণির বই আমাদের হাতে এখনও আসেনি।

ইউএনও এসএম রফিকুল ইসলাম বলেন, বিষয়টি ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে জানানো হয়েছে। আশা করছি, শিগগিরই শিক্ষার্থীদের হাতে বই পৌঁছে দিতে পারব।